গণপ্রজাতন্ত্রীবাংলাদেশ সরকার
বাংলাদেশ ডাকবিভাগ
পোস্টমাস্টার জেনারেলত্ররকার্যালয়
দক্ষিণাঞ্চল,খুলনা -৯০০০ ।

নথি নংঃ ১৪.৩১.৪৭০০.৪২৩.০৫.০৩৭.২৩

তারিখ,খুলনা ঃ ২৪/ ০৯/২০২৩খ্রিঃ

## প্রত্যয়ন পত্র

**[ কর্মসম্পাদন সূচক ১.২.১]**

এই মর্মে প্রত্যয়ন করা যাচ্ছে যে, গত-০১/০৭/২০২৩ খ্রিঃ তারিখ হতে-৩০/০৯/২০২৩ খ্রিঃ তারিখ পর্যন্ত সময়ে খুলনা সার্কেলের ত্রৈমাসিক ভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটিরি সিদ্ধান্ত বাস্তবায়ন করা হয়েছে ।

প্রতিস্বাক্ষরিত
২৪/৯/২৩
মোঃ শামসুল আলম
পোস্টমাস্টার জেনারেল
দক্ষিণাঞ্চল, খুলনা-৯০০০।

২৪/০৯/২০২৩
মোঃ আমিনুর রহমান
অতিরিক্ত পোস্টমাস্টার জেনারেল
দক্ষিণাঞ্চল, খুলনা-৯০০০।
ফোনঃ ০২৪৭৭-৭০১৮৯৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ ডাক বিভাগ
পোস্টমাস্টার জেনারেলের কার্যালয়
দক্ষিণাঞ্চল, খুলনা-৯০০০।
www.post.khulnadiv.gov.bd

নথি নং ঃ- ১৪.৩১.৪৭০০.৪২৩.০৫.০৩৭.২৩ তারিখ, খুলনা ১০/০৮/২০২৩ খ্রিঃ।

## সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন সংক্রান্ত কমিটির সভার কার্যবিবরণী ঃ-

অদ্য ১০/০৮/২০২৩ খ্রিঃ তারিখ সকাল ১১.০০ঘটিকায় সহকারী পোস্টমাস্টার জেনারেল (এস্টেট, কল্যাণ ও নিরাপত্তা), দক্ষিণাঞ্চল, খুলনার অফিসকক্ষে সার্কেলের সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত কমিটির এক সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন জনাব ফিরোজ আহমেদ, সহকারী পোস্টমাস্টার জেনারেল(এস্টেট, কল্যাণ ও নিরাপত্তা), ও সভাপতি, সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত কমিটি, দক্ষিণাঞ্চল, খুলনা। সভায় নিম্নবর্ণিত সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন ঃ-

| ক্রমিক নং | কর্মকর্তার নাম ও পদবী | মন্তব্য |
|---|---|---|
| ১। | জনাব ফিরোজ আহমেদ<br>সহকারী পোস্টমাস্টার জেনারেল<br>(এস্টেট, কল্যাণ ও নিরাপত্তা), দক্ষিণাঞ্চল, খুলনা - ৯০০০। | সভাপতি। |
| ২। | জনাব মোঃ শহীদুল্লাহ<br>অফিস সুপার, সার্কেল অফিস, খুলনা। | সদস্য সচিব। |
| ৩। | জনাব শিশির কুমার বিশ্বাস<br>ম্যানেজার, পোস্টাল স্টক ডিপো, সার্কেল অফিস, খুলনা। | সদস্য। |
| ৪। | জনাব নারায়ন চন্দ্র সরকার<br>উচ্চমান সহকারী, সার্কেল অফিস, খুলনা। | সদস্য। |

সভার শুরুতে সভাপতি মহোদয় উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভায় সেবা প্রদান প্রতিশ্রুতি কর্ম পরিকল্পনা ২০২৩ - ২০২৪ এর বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনায় এতদসংক্রান্ত কার্যক্রমের জন্য নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয় ঃ-

### (ক) সেবা প্রদান প্রতিশ্রুতি কমিটি পুনর্গঠন ঃ-

লক্ষ্যমাত্রায় দুইবার কমিটি পুনর্গঠনের কথা বলা আছে। যেহেতু বর্তমান ষান্মাসিকে একটি কমিটি গঠন করা হইয়াছে সেহেতু পরবর্তী ষান্মাসিকে ( জানুয়ারী/২০২৪ হইতে জুন/২০২৪ ) কমিটি পুর্নগঠনের জন্য সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহীত হয়।

### (খ) কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন ঃ-

কর্ম পরিকল্পনা অনুযায়ী কমিটির সিদ্ধান্ত বাস্তবায়নের লক্ষ্যে পূর্ববর্তী প্রতিটি সভার অগ্রগতি পর্যালোচনার জন্য সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহীত হয়। গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য সর্বোচ্চ প্রচেষ্টা গ্রহণ করা হবে।

### (গ) সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ ঃ-

সেবা প্রদান প্রতিশ্রুতি ( সিটিজেন চার্টার ) হালনাগাদকরণের কার্যক্রম চলমান আছে। বিষয়টি সভাপতি মহোদয়কে অবহিত করা হয়। তিনি হালনাগাদকৃত সেবা প্রদান প্রতিশ্রুতির সফ্‌ট কপি ও হার্ড কপি জরুরী ভিত্তিতে ডাক অধিদপ্তরে প্রেরণের নির্দেশনা প্রদান করেন। কর্ম পরিকল্পনা অনুযায়ী প্রত্যেক ত্রৈমাসিকে সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণের জন্য সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহীত হয়।

অ:পৃ:দ্র:

**(ঘ) সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক কর্মশালা / প্রশিক্ষণ / সেমিনার আয়োজন ঃ-**

এতদ্‌সংক্রান্ত কর্মপরিকল্পনা ২০২৩ - ২০২৪ অনুযায়ী মোট দুইটি কর্মশালা বা প্রশিক্ষণের অয়োজন করার বিষয়ে সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহীত হয়। সেবা প্রদানের বিষয়ে বর্তমান অর্থ বছরের ২য় ও ৪র্থ ত্রৈমাসিকে দুইটি প্রশিক্ষণ / কর্মশালা অয়োজনের জন্য সভাপতি মহোদয় নির্দেশনা প্রদান করেন।

**(ঙ) স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভা আয়োজন ঃ-**

কর্মপরিকল্পনা ২০২৩ - ২০২৪ অনুযায়ী মোট দুইটি অবহিতকরণ সভা করার বিষয়ে সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহীত হয়। সেবা প্রদানের বিষয়ে বর্তমান অর্থ বছরের ২য় ও ৩য় ত্রৈমাসিকে দুইটি অবহিতকরণ সভা করার জন্য সভাপতি মহোদয় নির্দেশনা প্রদান করেন।

সভায় আর কোন আলোচ্য সূচী না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

| | | | |
|---|---|---|---|
| ( নারায়ন চন্দ্র সরকার) | ( শিশির কুমার বিশ্বাস ) | ( মোঃ শহীদুল্লাহ) | ( ফিরোজ আহমেদ ) |
| উচ্চমান সহকারী | ম্যানেজার | অফিস সুপার | সহকারী পোস্টমাস্টার জেনারেল |
| সার্কেল অফিস, খুলনা। | পোস্টাল স্টক ডিপো | সার্কেল অফিস, খুলনা। | (এস্টেট, কল্যাণ ও নিরাপত্তা) |
| ও | সার্কেল অফিস, খুলনা। | ও | দক্ষিণাঞ্চল, খুলনা-৯০০০। |
| সদস্য | ও | সদস্য সচিব | ও |
| | সদস্য | | সভাপতি। |

৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ ডাক বিভাগ
পোস্টমাস্টার জেনারেলের কার্যালয়
দক্ষিণাঞ্চল, খুলনা-৯০০০।
www.post.khulnadiv.gov.bd
কল্যাণ শাখা।

নথি নং ঃ- ১৪.৩১.৪৭০০.৪২৩.০৫.০৩৭.২২

তারিখঃ ২৮ শ্রাবণ, ১৪৩০ বঙ্গাব্দ।
০২ আগস্ট, ২০২৩ খ্রিষ্টাব্দ।

প্রাপক ঃ-

২। জনাব ফিরোজ আহমেদ - সভাপতি।
সহকারী পোস্টমাস্টার জেনারেল(এস্টেট, কল্যাণ ও নিরাপত্তা)
দক্ষিণাঞ্চল, খুলনা - ৯০০০।

২। জনাব মোঃ শহিদুল্লাহ - সদস্য সচিব।
অফিস সুপার, সার্কেল অফিস, খুলনা।

৩। জনাব শিশির কুমার বিশ্বাস - সদস্য।
ম্যানেজার, পোস্টাল স্টকডিপো,
সার্কেল অফিস, খুলনা।

৪। জনাব নারায়ন চন্দ্র সরকার - সদস্য।
উচ্চমান সহকারী, সার্কেল অফিস, খুলনা।

বিষয় ঃ- **সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটির সিদ্ধান্ত বাস্তবায়ন পর্যালোচনার জন্য সভা আহবান প্রসংগে।**

উপর্যুক্ত বিষয়ে আগামী ১০/০৮/২০২৩ খ্রিঃ তারিখে সকাল ১১.০০ ঘটিকায় সহকারী পোস্টমাস্টার জেনারেল, (এস্টেট, কল্যাণ ও নিরাপত্তা), দক্ষিণাঞ্চল, খুলনা এর অফিস কক্ষে সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন সংক্রান্ত ত্রৈমাসিক ভিত্তিক ( জুলাই/২৩ হতে সেপ্টেম্বর/২৩ পর্যন্ত ) সিটিজেন চার্টার আপডেট করার জন্য পরিবেক্ষণ কমিটির এক সভা অনুষ্ঠিত হবে। উক্ত সভায় কমিটির সকলকে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

২/৮/২৩
( ফিরোজ আহমেদ )
সহকারী পোস্টমাস্টার জেনারেল
(এস্টেট, কল্যাণ ও নিরাপত্তা )
দক্ষিণাঞ্চল, খুলনা-৯০০০।

Collan – 2 . Collan -423.05.037.22 . com